গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রশাসন শাখা
www.mole.gov.bd

নং- ৪০.০০.০০০০.০১১.০৯৯.০৬.২০১০ (অংশ-১)-৫৪৫

তারিখ: ২৭ অগ্রহায়ণ ১৪২৮ / ১২ ডিসেম্বর ২০২১

**বিষয়ঃ ১৬ ডিসেম্বর, ২০২১ মহান বিজয় দিবস উপলক্ষ্যে আলোচনা সভা ও দোয়া মাহফিল আয়োজন সংক্রান্ত সভার কার্যবিবরণী প্রেরণ**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, স্বাধীনতার সুবর্ণজয়ন্তী এবং জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী (মুজিববর্ষ) এর কর্মসূচির অংশ হিসেবে মন্ত্রণালয় ও আওতাধীন অধিদপ্তর/সংস্থা কর্তৃক সম্মিলিতভাবে ১৬ ডিসেম্বর, ২০২১ মহান বিজয় দিবস উপলক্ষ্যে আলোচনা সভা ও দোয়া মাহফিল আয়োজনের নিমিত্ত এ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (প্রশাসন) ও কমিটির আহবায়ক এর সভাপতিত্বে ১২-১২-২০২১ তারিখ বেলা ১১.০০ ঘটিকায় মন্ত্রণালয়ের সভাকক্ষে একটি সভা অনুষ্ঠিত হয়।

০২। উক্ত সভার কার্যবিবরণী পরবর্তী কার্যার্থে নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হল।

সংযুক্তি: বর্ণনামতে, ০৩ (তিন) পাতা।

12.12.2021

(মোর্শেদা আক্তার)
উপসচিব
ফোনঃ ৯৫১৪০৭৩
ইমেইলঃ dsadmin@mole.gov.bd

নং- ৪০.০০.০০০০.০১১.০৯৯.০৬.২০১০ (অংশ-১)-৫৪৫

তারিখ: ২৭ অগ্রহায়ণ ১৪২৮ / ১২ ডিসেম্বর ২০২১

বিতরণ: জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. অতিরিক্ত সচিব (সকল), শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
২. মহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, ঢাকা (কার্যবিবরণীর ক্রমিক ২, ৭, ৮ ও ১২ নং সিদ্ধান্ত অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
৩. মহাপরিচালক, শ্রম অধিদপ্তর, ঢাকা (কার্যবিবরণীর ক্রমিক ২, ৫, ৮, ১২ নং সিদ্ধান্ত অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
৪. মহাপরিচালক, বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফাউন্ডেশন/ কেন্দ্রীয় তহবিল, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা
৫. যুগ্মসচিব (আন্তর্জাতিক সংস্থা/সংস্থাপন), শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
৬. জনাব মো: মহিদুর রহমান, যুগ্মসচিব (সমন্বয় ও আদালত), শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় (কার্যবিবরণীর ক্রমিক ১১ ও ১৩ নং সিদ্ধান্ত অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
৭. উপসচিব (প্রশাসন/সেবা), শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
৮. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)
৯. জনাব খোন্দকার মো: নাজমুল হুদা শামীম, সিনিয়র সহকারী সচিব (আন্তর্জাতিক সংস্থা), শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় (কার্যবিবরণীর ক্রমিক ৯ নং সিদ্ধান্ত অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
১০. সিনিয়র সহকারী সচিব (আন্তর্জাতিক সংস্থা/বাজেট/প্রশাসন), শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
১১. সচিবের একান্ত সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
১২. সিস্টেম এনালিস্ট (আইসিটি সেল), শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশ ও কার্যবিবরণীর ক্রমিক ৬ নং সিদ্ধান্ত অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
১৩. জনাব মোঃ কামরুল হাসান, উপমহাপরিদর্শক (সেফটি), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (কার্যবিবরণীর ক্রমিক ৯ নং সিদ্ধান্ত অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
১৪. জনসংযোগ কর্মকর্তা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়/কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর/শ্রম অধিদপ্তর (কার্যবিবরণীর ক্রমিক ১০ নং সিদ্ধান্ত অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
১৫. সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার (আইসিটি সেল), শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় (কার্যবিবরণীর ক্রমিক ৬ নং সিদ্ধান্ত অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
১৬. রেজিস্ট্রার, শ্রম আপীল ট্রাইব্যুনাল, ঢাকা (কার্যবিবরণীর ক্রমিক ৮নং সিদ্ধান্ত অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
১৭. সচিব, নিম্নতম মজুরী বোর্ড, ঢাকা (কার্যবিবরণীর ক্রমিক ৮ নং সিদ্ধান্ত অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
১৮. জনাব বাবলু বাওয়ালী, প্রশাসনিক কর্মকর্তা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
১৯. অতিরিক্ত সচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

(মোর্শেদা আক্তার)
উপসচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রশাসন শাখা

**১৬ ডিসেম্বর, ২০২১ মহান বিজয় দিবস উপলক্ষ্যে আলোচনা সভা ও দোয়া মাহফিল আয়োজনের নিমিত্ত গঠিত কমিটির সভার কার্যবিবরণী**

| | |
|---|---|
| সভাপতি | : জনাব মোঃ মাসুদ করিম<br>অতিরিক্ত সচিব (প্রশাসন)<br>শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় |
| স্থান | : মন্ত্রণালয়ের সভাকক্ষ |
| তারিখ ও সময় | : ১২ ডিসেম্বর ২০২১, সকাল ১১.০০ ঘটিকা |
| উপস্থিত সদস্যদের তালিকা | : পরিশিষ্ট-ক দ্রষ্টব্য |

সভাপতি উপস্থিত সকলকে বিজয়ের শুভেচ্ছা জানিয়ে সভা শুরু করেন। তিনি জানান, স্বাধীনতার সুবর্ণজয়ন্তী এবং সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকীর (মুজিববর্ষ) কর্মসূচির অংশ হিসেবে জাতীয় কর্মসূচির পাশাপাশি মন্ত্রণালয় ও আওতাধীন অধিদপ্তর/সংস্থা কর্তৃক সম্মিলিতভাবে ১৬ ডিসেম্বর, ২০২১ মহান বিজয় দিবস উপলক্ষ্যে আলোচনা সভা ও দোয়া মাহফিল আয়োজন করা হবে। অতঃপর সভাপতির অনুমতিক্রমে এ মন্ত্রণালয়ের প্রশাসন শাখার সিনিয়র সহকারী সচিব ও কমিটির সদস্য-সচিব সভার কার্যপত্র উপস্থাপন করেন।

০২। এ পর্যায়ে সভাপতির আহবানে কমিটির সকল সদস্য মুক্ত আলোচনায় অংশগ্রহণ করেন ও তাঁদের গুরুত্বপূর্ণ মতামত ব্যক্ত করেন। সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত কর্মপরিকল্পনা/সিদ্ধান্ত গৃহীত হয়:

**<u>সিদ্ধান্তসমূহ</u>**

| ক্র/নং | কর্মসূচি | সিদ্ধান্ত | কার্যক্রম গ্রহণে/ বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১. | আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠানের স্থান ও সময়সূচি | মহান বিজয় দিবস উপলক্ষ্যে ১৬ ডিসেম্বর, ২০২১ তারিখ শ্রম ভবনের সম্মেলনকক্ষে দুপুর ৩.০০ ঘটিকা হতে বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত আলোচনা সভা ও দোয়া মাহফিল আয়োজন করতে হবে। | শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়;<br>এবং অধিদপ্তর/দপ্তর/সংস্থা (সকল) |
| ২. | অতিথিদের অভ্যর্থনা | সভাপতি ও প্রধান অতিথিসহ আমন্ত্রিত অতিথিদের যথাযথভাবে অভ্যর্থনা জানাতে হবে। | ১) মহাপরিদর্শক কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর<br>২) মহাপরিচালক, শ্রম অধিদপ্তর |
| ৩. | আলোচনা সভার বিষয়বস্তু নির্ধারণ | **'বঙ্গবন্ধু, মুক্তিযুদ্ধ ও মহান বিজয় দিবস'** শীর্ষক আলোচনা সভা অনুষ্ঠিত হবে। | -- |
| ৪. | প্রধান অতিথি নির্ধারণ | ১৬ ডিসেম্বর, ২০২১ মহান বিজয় দিবস উপলক্ষ্যে অনুষ্ঠিতব্য আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে প্রফেসর ড. এ.কে. আজাদ চৌধুরী, বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের সাবেক চেয়ারম্যান ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য মহোদয়কে আমন্ত্রণ জানানো হবে। | অতিরিক্ত সচিব (প্রশাসন)<br>শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় |
| ৫. | ভেন্যু সজ্জিতকরণ | স্বাস্থ্যবিধি মেনে শ্রমভবনের সম্মেলনকক্ষে ১৫০ জন কর্মকর্তার আসন বিন্যাস, ডায়াস প্রস্তুত, সাউন্ড সিস্টেমসহ সম্মেলনকক্ষের প্রয়োজনীয় সাজসজ্জা সম্পন্ন করতে হবে। এছাড়া, শ্রমভবনের প্রবেশমুখে ১টি বর্ণিল বিজয়গেট (বেলুন ও অন্যান্য সামগ্রী) স্থাপন করতে হবে। | মহাপরিচালক<br>শ্রম অধিদপ্তর |
| ৬. | ব্যানার প্রস্তুতকরণ | বিজয় দিবস উপলক্ষ্যে আলোচনা সভা ও দোয়া মাহফিলের ব্যানারসহ প্রয়োজনীয় সংখ্যক ব্যানার প্রস্তুত করতে হবে। কমিটির আহবায়কের অনুমোদন সাপেক্ষে ব্যানারগুলো মন্ত্রণালয় ও শ্রমভবনে স্থাপন করা হবে। | সিস্টেম এনালিস্ট/সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার (আইসিটি সেল)<br>শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় |

| ক্র/নং | কর্মসূচি | সিদ্ধান্ত | কার্যক্রম গ্রহণে/ বাস্তবায়নে |
|---|---|---|---|
| ৭. | পেশ ইমাম নির্ধারণ | আলোচনা সভায় পবিত্র কোরআন থেকে তেলাওয়াত এবং দোয়া মাহফিল পরিচালনার জন্য একজন ইমাম নির্ধারণ করতে হবে। ইমাম সাহেব কর্তৃক প্রদত্ত বয়ান চেক করে দিতে হবে। | মহাপরিদর্শক কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর |
| ৮. | কর্মস্থলে অবস্থান এবং আলোচনা সভা ও দোয়া মাহফিলে অংশগ্রহণ নিশ্চিতকরণ | (ক) আলোচনা সভা ও দোয়া মাহফিলে মন্ত্রণালয়, শ্রম অধিদপ্তর এবং কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর হতে ৪০ জন করে মোট ১২০ জন কর্মকর্তা/কর্মচারি; অন্যান্য দপ্তর/সংস্থা থেকে ২ জন করে ৮ জন অর্থাৎ মোট ১২৮ জনের অংশগ্রহণ নিশ্চিত করতে হবে।<br>(খ) ১৬ ডিসেম্বর, ২০২১ তারিখ মন্ত্রণালয় ও আওতাধীন অধিদপ্তর/দপ্তর/সংস্থার সকল কর্মকর্তা/কর্মচারীকে আবশ্যিকভাবে কর্মস্থলে অবস্থানের নির্দেশনা প্রদান করতে হবে। | শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়<br>ও<br>আওতাধীন অধিদপ্তর/দপ্তর/সংস্থা (সকল) |
| ৯. | অনুষ্ঠান সঞ্চালনা | অনুষ্ঠান সঞ্চালনা করবেন:<br>১। খোন্দকার মো: নাজমুল হুদা শামীম, সিনিয়র সহকারী সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়<br>২। জনাব মোঃ কামরুল হাসান, উপমহাপরিদর্শক (সেফটি), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর | ১) খোন্দকার মো: নাজমুল হুদা শামীম<br>সিনিয়র সহকারী সচিব<br>শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়<br>২) মোঃ কামরুল হাসান<br>উপমহাপরিদর্শক (সেফটি)<br>কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর |
| ১০. | প্রচার | (ক) অনুষ্ঠানটির বিভিন্ন ইভেন্টের ছবি ও ভিডিও ধারণের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(খ) মন্ত্রণালয়ের জনসংযোগ কর্মকর্তা অনুষ্ঠান পরবর্তী একটি প্রেস বিজ্ঞপ্তি প্রধান প্রধান মিডিয়ায় প্রদানের ব্যবস্থা গ্রহণ করবেন। | ১) শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়/ কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর<br>২) জনসংযোগ কর্মকর্তা<br>শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় |
| ১১. | আপ্যায়ন | অনুষ্ঠানের সাথে সম্পৃক্ত এবং সভায় উপস্থিত কর্মকর্তা/কর্মচারীদের আপ্যায়নের ব্যবস্থা করতে হবে। মন্ত্রণালয়ের যুগ্মসচিব (সমন্বয় ও আদালত) এবং উপসচিব (সেবা) কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর এবং শ্রম অধিদপ্তরের সাথে এ দু'টি বিষয়ে সমন্বয় করবেন। | ১) যুগ্মসচিব (সমন্বয় ও আদালত)/উপসচিব (সেবা) শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়<br>২) কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর/শ্রম অধিদপ্তর |
| ১২. | আর্থিক ব্যয়/খরচ নির্ধারণ | শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় এবং আওতাধীন দপ্তর/অধিদপ্তর/সংস্থাসমূহ কর্তৃক বিজয় দিবস, ২০২১ এর আলোচনা সভা ও দোয়া মাহফিল যথাযোগ্য মর্যাদায় আয়োজনের জন্য সম্মিলিতভাবে ব্যয় নির্বাহের সিদ্ধান্তের প্রেক্ষিতে সম্ভাব্য ১,৩০,০০০/- (এক লক্ষ ত্রিশ হাজার) টাকার ব্যয় প্রাক্কলন করা হয়েছে (ব্যয় বিভাজন: ৪০% মন্ত্রণালয়, ২৫% শ্রম অধিদপ্তর এবং ৩৫% কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর)। | ১) শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়<br>২) শ্রম অধিদপ্তর<br>এবং<br>৩) কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর |
| ১৩. | ফোকাল পয়েন্ট | জনাব মো: মহিদুর রহমান, যুগ্মসচিব, মন্ত্রণালয় ও দপ্তরসমূহের সাথে যোগাযোগপূর্বক অনুষ্ঠান সফলভাবে আয়োজনে সার্বিক সমন্বয় করবেন। | জনাব মো: মহিদুর রহমান<br>যুগ্মসচিব<br>শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় |

১৪. সভায় ১৬ ডিসেম্বর, ২০২১ তারিখ মহান বিজয় দিবস উপলক্ষ্যে নিম্নবর্ণিত অনুষ্ঠানসূচি অনুমোদিত হয়:

**১৬ই ডিসেম্বর মহান বিজয় দিবস, ২০২১ উপলক্ষ্যে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় কর্তৃক আয়োজিত আলোচনা সভা ও দোয়া মাহফিলের অনুষ্ঠানসূচি**

**১৬ ডিসেম্বর ২০২১**

| সময় | অনুষ্ঠানসূচি | আলোচক/অতিথির নাম/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা |
|---|---|---|
| দুপুর ২.৫০ ঘটিকা | প্রধান অতিথি সভাপতিকে অভ্যর্থনা | ১। জনাব মোঃ নাসির উদ্দিন আহমেদ, মহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর<br>২। জনাব গৌতম কুমার, মহাপরিচালক, শ্রম অধিদপ্তর |
| দুপুর ৩.০০ ঘটিকা | (ক) পবিত্র কোরআন থেকে তেলাওয়াত | নির্বাচিত ইমাম সাহেব |
| দুপুর ৩.১০ ঘটিকা | (খ) পবিত্র গীতা থেকে পাঠ | জনাব বাবলু বাওয়ালী, প্রশাসনিক কর্মকর্তা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় |
| দুপুর ৩.১৫ ঘটিকা | স্বাগত বক্তব্য | জনাব মোঃ মাসুদ করিম, অতিরিক্ত সচিব (প্রশাসন), শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় |
| দুপুর ৩.২৫ ঘটিকা হতে বিকাল ৪.০০ ঘটিকা<br><br>(প্রত্যেক আলোচক সর্বোচ্চ ৪ মিনিট করে সময় নিবেন) | আলোচনা অনুষ্ঠান (বিষয়: বঙ্গবন্ধু, মুক্তিযুদ্ধ ও মহান বিজয় দিবস) | |
| | - | আলোচক-১ জনাব মোঃ সাইফুল ইসলাম, ব্যক্তিগত কর্মকর্তা ও মন্ত্রণালয়ের গেজেটেড ও নন-গেজেটেড কর্মচারী কল্যাণ সমিতি, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় |
| | | আলোচক-২ জনাব গোকুল কৃষ্ণ ঘোষ, যুগ্মসচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় |
| | | আলোচক-৩ জনাব গৌতম কুমার, মহাপরিচালক, শ্রম অধিদপ্তর |
| | | আলোচক-৪ জনাব মোঃ নাসির উদ্দিন আহমেদ, মহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর |
| | | আলোচক-৫ জনাব জেবুন্নেছা করিম, অতিরিক্ত সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় |
| | | আলোচক-৬ জনাব মোঃ ফারুক (এম.ফারুক), চেয়ারম্যান (অবসরপ্রাপ্ত বিচারপতি), শ্রম আপীল ট্রাইব্যুনাল, ঢাকা |
| বিকাল ৪. ০৫ ঘটিকা | প্রধান অতিথির বক্তব্য | **প্রফেসর ড. এ.কে. আজাদ চৌধুরী,** বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের সাবেক চেয়ারম্যান ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য |
| বিকাল ৪. ৩০ ঘটিকা | সভাপতির বক্তব্য | জনাব মো: এহছানে এলাহী, সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়। |
| বিকাল ৪.৫০ ঘটিকা | দোয়া ও মোনাজাত (নির্ধারিত ইমাম সাহেবের পরিচালনায়) | |
| বিকাল ৫.০০ ঘটিকা | তবারক বিতরণ/আপ্যায়ন | মন্ত্রণালয় ও অধিদপ্তর/দপ্তর/সংস্থা সমন্বিতভাবে। |
| অনুষ্ঠানটি সঞ্চালনা করবেন:-<br>১। খোন্দকার মো: নাজমুল হুদা শামীম, সিনিয়র সহকারী সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।<br>২। জনাব মোঃ কামরুল হাসান, উপমহাপরিদর্শক (সেফটি), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা। | | |

০৩। সভাপতি ১৬ ডিসেম্বর ২০২১ মহান বিজয় দিবসের আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠান আয়োজনে স্বতঃস্ফূর্ত অংশগ্রহণের আহবান জানান।

০৪। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১২.১২.২০২১

(মো: মাসুদ করিম)
অতিরিক্ত সচিব (প্রশাসন)
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
ও
আহবায়ক
মহান বিজয় দিবস ২০২১ উপলক্ষ্যে
গঠিত আলোচনা সভা ও দোয়া মাহফিল
অনুষ্ঠান আয়োজন কমিটি